

এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

বরিশাল বোর্ড

বিষয় : বাংলা ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১০২

সময়: ৩ ঘন্টা

পূর্ণমান: ১০০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃষ্ণীয়।]

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখ :

অদ্য, ইতঃপূর্বে, উপমা, কক্ষ, পদ্ম, তন্ময়, বিজ্ঞ, মন্ময়।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখ :

সমিচিন, মুমূর্ষু, স্বরস্বতী, পানিনি, আকাংখা, স্বাস্তনা,
পোষ্টমাষ্টার, নুন্যতম।

৩। (ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ পদ চিহ্নিত কর :

“নীল আকাশ। রোদেলা দুপুর। পাখিটি পাখনা মেলে দিগন্তের
পথে পাড়ি জমাচ্ছে। দখিনা বাতাসে টকটকে লাল পলাশ ফুল
দুলছে। তাই দেখে সাদা মেঘের দলও বলাকার মত উড়ছে;
যাব দূরে বহুদূরে।”

৪। (ক) “উপসর্গের নিজস্ব কোনো অর্থবাচকতা নেই, কিন্তু

অর্থদ্যোতকতা আছে।” আলোচনা কর। ৫

অথবা, (খ) নামসহ প্রকৃতি-প্রত্যয় নির্ণয় কর (যেকোনো পাঁচটি) :

ইচ্ছুক, কীর্তি, প্রেম, সোনালি, সৃষ্টি, বহতা, পার্থিব, মেঠো ।

৫। (ক) গঠন অনুসারে বাক্যের প্রকারভেদ উদাহরণসহ লেখ । ৫

অথবা, (খ) নির্দেশানুসারে বাক্য রূপান্তর কর (যেকোনো পাঁচটি) :

(i) কীর্তিমানের মৃত্যু নাই । (জটিল)

(ii) দেখি, সে বিছানায় নাই । (অস্তিবাচক)

(iii) মানুষ মরণশীল । (নেতিবাচক)

(iv) দৃশ্যটি বড়ই সুন্দর । (বিস্ময়সূচক)

(v) তিনি আর নেই । (যৌগিক)

(vi) দেশের সেবা করা উচিত । (অনুজ্ঞা)

(vii) মাতৃভূমিকে সকলেই ভালোবাসে । (জটিল)

(viii) যারা পরিশ্রমী তারা সফল হয় । (সরল)

৬। (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখ : ৫

(i) অন্যায়ের প্রতিফলন দুর্নিবার ।

(ii) তার সৌজন্যতায় মুগ্ধ হলাম ।

(iii) আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাব ।

(iv) একথা প্রমাণ হয়েছে ।

(v) সে সভায় উপস্থিত ছিলেন ।

(vi) ইহার আবশ্যিক নাই ।

(vii) বিরাট গরু ছাগলের হাট ।

(viii) সাবধান পূর্বক চলবে ।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :

নিরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকতার গান শোনায়। অনুভূতির কান দ্বারা সে গান শুনিতে হবে। তাহলে বুঝতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি, ধর্মের মানেও তাই।

৭। (ক) যেকোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Principle, Ballot, Lien, Neutral, Copyright, Keyword, Unskilled, Reality, Worship, Payee, Get-up, Goodwill, Lease, Invoice.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলা ভাষায় অনুবাদ কর :

Bangladesh is the land of our birth. The blue sky and the air of this land are very dear to us. It is our duty to build up our dear Bangladesh. It is our sacred duty. If we do our respective duties, only then our country will make progress.

৮। (ক) পয়লা বৈশাখ বা বাংলা নববর্ষ উদযাপনের উপর একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) “১৬ ডিসেম্বর মহান বিজয় দিবসের গুরুত্ব ও তাৎপর্য” শীর্ষক আলোচনা সভায় উপস্থাপনের জন্য একটি ভাষণ প্রস্তুত কর।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) একটি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকের শূন্যপদে নিয়োগের জন্য আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারমর্ম লেখ :

১০

বিরহ মিলন কত হাসি, অশ্রুর্ময়
মানুষের সুখে দুঃখে গাঁথিয়া সঙ্গীত
যদি গো রচিত পেরি অমর আলয়।
তা যদি না পেরি তবে বাঁচি যতকাল
তোমাদেরই মাঝখানে লভি যেন ঠাই,
তোমরা তুলিবে বলে সকাল বিকাল
নবনব সঙ্গীতের কুসুম ফোটাই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

১১। (ক) জনজীবনের উপর বিজ্ঞাপনের প্রভাব সম্পর্কে দু'বন্ধুর মধ্যে সংলাপ
রচনা কর।

১০

অথবা, (খ) 'সাম্প্রদায়িক সম্প্রীতির মেলবন্ধন' বিষয়ক একটি ক্ষুদ্রে গল্প
লেখ।

১২। নিচের যেকোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ :

২০

(ক) একুশের চেতনা বা আন্তর্জাতিক মাতৃভাষা দিবস;

(খ) কৃষিকাজে বিজ্ঞান;

(গ) স্বদেশপ্রেম;

(ঘ) একটি শীতের সকাল;

(ঙ) অধ্যবসায়।